

রাজশাহী, ১ ডিসেম্বর ২০১৯

প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি শিক্ষার্থীদের সফট স্কিল উন্নয়নে কাজ করতে হবে - মাননীয় শিক্ষামন্ত্রী ডা.দীপু মনি, এম পি

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন আমাদের দেশে চাকরি প্রার্থী ও চাকরি দাতাদের মধ্যে দুই রকমের বক্তব্য রয়েছে। চাকরি দাতারা বলেন যোগ্য প্রার্থী পাওয়া যায় না আর চাকরি প্রার্থীরা বলেন চাকরি পাওয়া যায় না অথচ দেশে প্রচুর শিক্ষিত বেকার রয়েছে। তার মানে হল চাকরি দাতারা যে দক্ষতা চায় চাকরি প্রার্থীদের মধ্যে সেই দক্ষতা তারা পাচ্ছে না। পড়াশুনার পাশাপাশি চাকরি প্রার্থীদের কিছু সফট স্কিল অর্জন করতে হবে। তার মধ্যে কমিউনিকেশন স্কিল, লিডারশীপ স্কিল, পিপল ম্যানেজমেন্ট স্কিল, টাইম ম্যানেজমেন্ট স্কিল, সিচুয়েশন ম্যানেজমেন্ট স্কিল অন্যতম।

তিনি আরও বলেন শিক্ষার মান ধরে রাখতে হলে ছাত্র শিক্ষকের আনুপাতিক হার যৌক্তিক পর্যায়ে রাখতে হবে। কলেজ তার সক্ষমতা অনুযায়ী ছাত্র ভর্তি করতে হবে। আমাদের কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংখ্যা বৃদ্ধি করার একটা প্রবনতা রয়েছে। বাংলাদেশের শিক্ষা পদ্ধতিকে এমন একটি পর্যায়ে নিয়ে যাওয়া হবে যে একসময় আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশের শিক্ষা ব্যবস্থাকে একটি স্ট্যান্ডার্ড হিসেবে ধরা হবে। ১৩ টি শতবর্ষী সরকারি কলেজকে সেন্টার অফ এক্সিলেন্ট হিসেবে গড়ে তোলা হবে বলে তিনি তার বক্তব্যে আশাবাদ ব্যক্ত করেন।

তিনি আজ রাজশাহী সরকারি কলেজ মিলনায়তনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের আয়োজনে সারা দেশের ১৩ টি শতবর্ষী সরকারি কলেজের শিক্ষার উৎকর্ষ সাধন বিষয়ক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক হারুন অর রশিদের সভাপতিত্বে এ কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সিনিয়র সচিব সোহরাব হোসাইন, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ড. সৈয়দ মো: গোলাম ফারুক। এই কর্মশালায় দেশের ১৩ টি শতবর্ষী সরকারি কলেজের অধ্যক্ষবৃন্দ উপস্থিত ছিলেন।

শতবর্ষী ১৩ টি সরকারি কলেজের অধ্যক্ষবৃন্দ মেডিকেল সেবা, পর্যাপ্ত পরিবহনের ব্যবস্থা, শিক্ষকদের বিদেশে উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা করা, পর্যাপ্ত শিক্ষক ও কর্মচারীর ব্যবস্থা করা, গবেষণায় উদ্বুদ্ধ করতে সরকারি কলেজের শিক্ষকদের পিএইচডি সুপারভাইজ করার সুযোগ প্রদান করা, স্বতন্ত্র পরিষ্কার হলের ব্যবস্থা করা, ১৩ টি কলেজে ডিগ্রি পাস ও প্রিলিমিনারি বন্ধ করা, ১৩ টি কলেজে ছাত্র সংসদ চালু করা, ১৩ টি কলেজে ভর্তি পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের ভর্তির ব্যবস্থা করা সহ বিভিন্ন দাবী উত্থাপন করেন।

মোহাম্মদ আবুল খায়ের

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল নাম্বার: ০১৭১৬০৬৬৮